দৈনিক বাংলা

১৫৫

তারিখ 05 SEP 1996
পৃষ্ঠা ১ কলাম ৫

পরীক্ষা অনিশ্চিত ঃ ছাত্র-ছাত্রীদের উৎকণ্ঠা

# ঢাকা ভার্সিটিতে অচলাবস্থা নিরসনে ছাত্র নেতাদের সঙ্গে কর্তৃপক্ষের আলোচনা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিদ্যমান অচলাবস্থা নিরসনে কর্তৃপক্ষ তাদের উদ্যোগ অব্যাহত রেখেছেন। কিন্তু গতকাল (মঙ্গলবার) পর্যন্ত ইতিবাচক ফল আসেনি। দীর্ঘ ১০ দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব কিছু বন্ধ রয়েছে। বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ আবাসিক ছাত্র-ছাত্রী হল ত্যাগ করেছেন। ক্যাম্পাস এখন ফাঁকা। এদিকে পরীক্ষার্থী ছাত্র-ছাত্রীদের অনিশ্চয়তার মধ্যে থাকতে হচ্ছে। আগামী ১৫ সেপ্টেম্বর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের সব বিভাগের এবং সামাজিক বিজ্ঞান অনুষদের অনেক বিভাগের অনার্স ও মাষ্টার্স পরীক্ষা শুরু হবার কথা। ভার্সিটি কর্তৃ-

(৫-এর পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে অচলাবস্থা নিরসনে ছাত্র নেতাদের

(প্রথম পৃষ্ঠার পর)

পক্ষ এই পরীক্ষা নির্দিষ্ট সময়ে শুরু হবে কিনা তার কোন ঘোষণা দেয়নি। অবশ্য অন্যান্য পরীক্ষা পেছানোর ঘোষণা দেয়া হয়েছে।

সাধারণ ছাত্র-ছাত্রীরা চাচ্ছেন ক্যাম্পাসে অচলাবস্থা নিরসনের জন্য দ্রুত পদক্ষেপ গৃহীত হোক। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতার মাষ্টার্স পরীক্ষার্থী দীপক বললেন, পরীক্ষা আদৌ পিছাবে কিনা কিংবা পিছালে কতদিন পিছাবে এখনও জানতে না পারায় অনেকের মত তিনিও উদ্বিগ্ন। উদ্বেগ প্রকাশ করলেন ইতিহাস বিভাগের অনার্স পরীক্ষার্থী একজন ছাত্রী। বললেন, তারা সবাই পরীক্ষা নিয়ন্ত্রকের নোটিশের অপেক্ষায় রয়েছেন।

অন্যদিকে বিবদমান ছাত্র লীগ (শা-পা) ও ছাত্রদলের মধ্যে সমঝোতার জন্য কর্তৃপক্ষ জোর তৎপরতা চালিয়ে যাচ্ছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রোক্টর সমাজ বিজ্ঞান বিভাগের প্রফেসর এ কে এম নূরুন্নবী ভারপ্রাপ্ত প্রোক্টরের দায়িত্ব পেয়েছেন। গতকাল তিনি ভাইস চ্যান্সেলরের একটি বার্তা নিয়ে ছাত্রদল নেতাদের সঙ্গে কবি জসীমউদ্দীন হলের অতিথি কক্ষে কথা বলেন। তিনি ছাত্রদলকে নমনীয় মনোভাব নিয়ে আলোচনায় বসার জন্য আহ্বান জানান।

এ ব্যাপারে আজ (বুধবার) সকাল ১১টায় ছাত্রদল নেতৃবৃন্দের সঙ্গে তিনি আবার আলোচনায় বসবেন। একটি সূত্র জানান, ইতিমধ্যে প্রোক্টর ছাত্রলীগ (শা-পা) নেতৃবৃন্দের সঙ্গে আলোচনায় বসে ছিলেন। ছাত্রলীগ নেতৃবৃন্দ প্রোক্টরকে জানান, তাদের আলোচনায় বসার ব্যাপারে কোন আপত্তি নেই। ছাত্রলীগ (শা-পা) শিক্ষাঙ্গনে শান্তি প্রতিষ্ঠায় বরাবরের ন্যায় এবারও যথাযথ ভূমিকা রাখবে বলে প্রোক্টরকে জানিয়েছে।

আজ ছাত্রদল ও প্রোক্টরের মধ্যে আলোচনা সফল হলে আগামীকাল (বৃহস্পতিবার) সকল ছাত্র সংগঠনের সমন্বয়ে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের সভা হবে।

বিশ্ববিদ্যালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা বলেন, দু'একদিনের মধ্যে বিদ্যমান অচলাবস্থা নিরসনের ব্যাপারে সবাই আশাবাদী।

এদিকে অনির্দিষ্টকালের ছাত্র ধর্মঘটের সমর্থনে ছাত্রদল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক ছাত্র সমাবেশ করে। সমাবেশে বক্তৃতা করেন ভারপ্রাপ্ত সভাপতি আবদুল খালেক, সাধারণ সম্পাদক হাবিবউন্নবী সোহেল, এ বি এম মোশাররফ হোসেন প্রমুখ।

সমাবেশে নেতৃবৃন্দ বলেন, চলতি আন্দোলন ও ছাত্র সমাজের ন্যায়সঙ্গত দাবী থেকে ছাত্রদলকে হটানো যাবে না।